

# 10 আমি কী ভাবে দিন কাটাই?



হ্যালো বন্ধুরা, আমি পিহু। আমার 6 বছর বয়স। আজ আমি আমার রোজের রুটিন সম্পর্কে বলবো - আমি সকল থেকে রাত অবধি কী কী করি।

দেখো সূর্য উঠছে। ভোর হয়ে গেল।





সকালে আমি বিছানা থেকে উঠে, এক গ্লাস গরম জল খাই।

আমার দিন শুরু করি যোগ ব্যয়াম করে।





তারপর আমি দাঁত মাজি আর স্নান করি।

আমি জলখাবার খেয়ে স্কুলের জন্য তৈরি হই।





© NCERT not to be republished

আমি আমার ক্লাসের বন্ধুদের সঙ্গে স্কুলে পড়াশোনা এবং খেলাধুলা করি।





দুপুরবেলা যখন সূর্য আমাদের মাথার ওপর, তখন আমি হাত ধুয়ে, আমার বন্ধুদের সাথে লাঞ্চ করি।

আমি স্কুল থেকে বাড়ি ফিরি এবং একটু বিশ্রাম করি।







এখন বিকেল, দেখ সূর্য অস্ত যাচ্ছে। আমি বন্ধুদের সাথে খেলি আর তারপর পড়াশোনা করি।

আকাশের দিকে দেখো, চাঁদ আর তারা দেখা যাচ্ছে। এখন রাত্রি।





আমি আমার পরিবারের সাথে রাতের খাবার খাই।

ঘুমোতে যাওয়ার আগে আমি গল্পের বই পড়ি।



© NCERT not to be republished



## চলো কথা বলি

1) তোমার রোজকার রুটিন কি?
2) তুমি কখন দাঁত মাজো?
3) তুমি কখন স্নান করো?



## চলো আমরা করি

1) তুমি সকালে কি করো, সেটা টিক ✓ দিয়ে চিনহিত করো।

   

2) তুমি দিনেরবেলা কি করো এবং দেখো তা টিক ✓ দিয়ে চিনহিত করো

   

3) যে কাজ গুলো রাতে করো সেগুলো টিক ✓ দিয়ে চিনহিত করো।

   

© NCERT not to be republished

ছবিটা দেখে আন্দাজ করো এটা দিনের কোন সময়। বন্ধুদের সাথে আলোচনা করো তুমি এই সময় কি করো।











## চলো আমরা করি

যেই কাজ সাধারণত বেশি সময় নেয় সেই কাজটা রং করো।

1)





2)





© NCERT not to be republished

# ঋতু



গ্রীষ্ম



বসন্ত



বর্ষা



শীত

ওপরের ছবিগুলো দেখো এবং গ্রীষ্ম, শীত, বসন্ত এবং বর্ষা ঋতুর মধ্যে পার্থক্যগুলো নিয়ে আলোচনা করো।

## ঋতু অনুযায়ী উপযুক্ত জিনিস চিনহিত করো।

বর্ষা

গ্রীষ্ম




বসন্ত

শীত

© NCERT not to be republished



## চলো আমরা কথা বলি

1) গ্রীষ্মকালে কি খেতে ভালোবাসো?
2) শীতকালে কি পরতে ভালোবাসো?



## চলো আমরা করি

**বিভিন্ন ঋতুর নাম লেখো এবং ঋতু অনুযায়ী উপযুক্ত জিনিস চিনহিত করো।**



















© NCERT not to be republished



## প্রকল্পের কাজ

বাচ্চাদের বলুন বিভিন্ন ঋতুতে এবং বিভিন্ন ররতুতে পালিত উৎসবে তাদের প্রিয় খাবারের ছবি আঁকতে অথবা ছবি আটকাতে।